# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম ও নৈতিক শিক্ষা — বিষয় কোড : ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — মান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ রাইয়ান ঈমানের অন্যান্য বিষয়ের প্রতি বিশ্বাস রাখলেও একটি বিষয়ে সে সন্দিহান। সে মনে করে তাকদির বলতে কিছু নেই। মানুষ কর্ম অনুযায়ী ফল ভোগ করে। একদিন ক্লাসের শিক্ষক ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়টি পড়াতে গিয়ে বলেন, 'সাতটি বিষয়ে বিশ্বাস করা প্রত্যেক মুসলমানের জন্য ফরয।

ক. ঈমান মানুষকে কীসের ব্যাপারে সতর্ক করে? ১

খ. 'কুফর' মানুষের মধ্যে হতাশা সৃষ্টি করে কেন? ২

গ. রাইয়ানের মধ্যে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির অপূর্ণতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি সম্পর্কে ধারণা পেতে হলে রাইয়ানকে শিক্ষকের নির্দেশিত সাতটি বিষয়ের প্রতি বিশ্বাস রাখতে হবে"- তুমি কি উক্তিটির সাথে একমত? মতামত দাও। ৪

২. ▶ মারুফ ও মাহিন দুই বন্ধু। মারুফ উত্তম চরিত্রের অধিকারী। সে নিয়মিত সালাত আদায়ের সাথে সাথে ইসলামের অন্যান্য ফরজ ও মৌলিক কার্যাবলি যথাযথভাবে পালন করে। অন্যদিকে মাহিন সালাত আদায় করে না। সব সময় মিথ্যা কথা বলে। মানুষকে ধোঁকা দেয়, প্রতারণা করে। এমনকি সে মানুষকে কষ্ট দিয়ে আনন্দ পায়।

ক. আল্লাহ তায়ালা কাদের প্রতি খুবই অসন্তুষ্ট? ১

খ. 'আল কুরআন সর্বজনীন কিতাব'- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মারুফ তার আচরণের জন্য পরকালীন জীবনে পুরস্কার স্বরূপ কী লাভ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহিনের কর্মকাণ্ডের পরিণতি ও কুফল কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ হাসান সাহেব মাগরিবের সালাত জামাআতে আদায়ের সময় মোবাইল ফোন বন্ধ করতে ভুলে যান। সালাতের মাঝে ফোনটি বেজে ওঠে। সালাত নষ্ট হওয়ার কথা ভেবে তিনি মোবাইল ফোনটি বন্ধ না করায় সেটি পরপর বাজতে থাকে। সালাম ফিরানোর পর ইমাম সাহেব বলেন, সালাতের পূর্বে কেহ যদি মোবাইল ফোন বন্ধ করতে ভুলে যান এবং ফোনটি যদি বেজে উঠে তাহলে চুপি চুপি সারে এক হাতে ফোনটি বন্ধ করে দেবেন। বর্তমানে বিজ্ঞ আলেমগণ এ ব্যাপারে একমত পোষণ করেন।

ক. আল কুরআন সর্বপ্রথম কীসের মাধ্যমে সংরক্ষণ করা হয়? ১

Teachingbd.com

খ. কুরআনের বিধি-বিধান সুস্পষ্টরূপে অনুসরণের জন্য হাদিস অত্যন্ত প্রয়োজনীয় কেন? ২

গ. ইমাম সাহেবের বক্তব্য ইসলামী শরিয়াতের কোন উৎসের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত মাসাআলাটি প্রমাণ করে যে, ইসলাম একটি গতিশীল জীবন ব্যবস্থা"। বিশ্লেষণ কর। ৪

৪. ▶ আশফাক সাহেব একজন সাধারণ শিক্ষায় শিক্ষিত ব্যক্তি। কিছুদিন হলো তিনি আল কুরআন অর্থসহ তিলাওয়াত করছেন। একদিন তিনি তার বন্ধু আকরাম সাহেবকে বললেন, আমি অনেকগুলো সুরা অধ্যয়ন করলাম কোথাও তো দণ্ড বিধি, পারস্পরিক লেনদেন, শিক্ষা, সাংস্কৃতিক নীতিমালা ইত্যাদি পেলাম না। এখানে কেবল কুফর, নিফাক ও জান্নাত-জাহান্নাম বিষয়ে আলোচনা রয়েছে।" উত্তরে আকরাম সাহেব বললেন, "অধ্যয়ন করতে থাক, এতে তুমি যেমন সবই জানতে পারবে, তেমনি এর দ্বারা তোমার ঘর ও আসমানবাসীগণের কাছে উজ্জ্বল দেখাবে।"

ক. মহানবি (স) আরবদের কয়টি রীতিতে কুরআন পাঠ করার অনুমতি দিয়েছিলেন? ১

খ. হাদিসে কুদসি কাকে বলে? বুঝিয়ে লেখ। ২

গ. আশফাক সাহেব কোন ধরনের সুরাসমূহ তিলাওয়াত করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আকরাম সাহেবের বক্তব্য সঠিক কি? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. ▶ আবরার সাহেব প্রতি বছর রমযান মাসে সম্পদের হিসাব করেন এবং নির্দিষ্ট অংশ তার এলাকার দরিদ্র, অভাবীদের মাঝে বণ্টন করেন। তিনি তাদেরকে নগদ টাকা না দিয়ে রিক্সা, ভ্যান, গরু, ছাগল, ব্যবসার কাঁচামাল ইত্যাদি কিনে দেন। তার ছোট ভাই আরমান সাহেব সমাজে প্রতিষ্ঠা লাভের জন্য বছর শেষে হিসেব করে নির্দিষ্ট পরিমাণ অর্থ শুধুমাত্র তার পছন্দের লোকদের মাঝে বিতরণ করেন।

ক. এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি অধিকার রয়েছে? ১

খ. কিয়ামতের দিন আল্লাহ সর্বপ্রথম সালাতের হিসাব নেবেন কেন? ২

গ. আরমান সাহেবের কাজের মাধ্যমে কার আদেশ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবরার সাহেবের এভাবে অর্থদানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬. ▶ জারিফের ভাই আকিব একটি বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করে। তার দাবি ইসলাম শুধু ধর্মীয় শিক্ষাকেই গুরুত্ব দেয়। জ্ঞানের অন্যান্য শাখা তথা বিজ্ঞান বা সাহিত্যকে ইসলাম নিরুৎসাহিত করে। আকিবের কথার বিরোধিতা করে জারিফ বলল, ইসলাম সব ধরনের নৈতিক জ্ঞান অর্জনকে ফরজ করেছে। কেননা, ইসলামে ইলমের যথেষ্ট গুরুত্ব রয়েছে।

ক. সাওম কাকে দান করতে উদ্বুদ্ধ করে? ১

খ. হজ্জকে বিশ্ব মুসলিমের মহা সম্মেলন বলা হয় কেন? ২

http://teachingbd.com

গ. ইলম সম্পর্কে আকিবের দৃষ্টিভঙ্গি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইসলাম সব ধরনের নৈতিক জ্ঞান অর্জনকে ফরয করেছে।"- জারিফের উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৭. ▶ মারজান দশম শ্রেণিতে পড়ে। সে ক্লাসে নিয়মিত উপস্থিত হয় এবং সময়মতো বাড়ি ফেরে। সে কারও সাথে কখনো ঝগড়ায় জড়ায় না। সে সত্যবাদী, বিনয়ী, পরিচ্ছন্ন ও শালীন। মারজানের বাবা নেই, কিন্তু তার বাবার একটি বক্তব্য সব সময় তাকে সঠিক পথ দেখায়। একদিন বাবা ডেকে বলেছিলেন, মারজান মানুষের দুটো আখলাক। তোমাকে সব সময় আখলাকে হামিদা অনুসরণ করতে হবে।
ক. পরিচ্ছন্নতার আরবি প্রতিশব্দ কী? ১
খ. প্রতিশ্রুতি পালন করা অত্যাবশ্যক কেন? ২
গ. মারজানের আচরণ ও কার্যাবলি ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. মারজানের বাবার কথার সাথে তুমি কি একমত? পাঠ্য বই এর আলোকে তা প্রমাণ কর। ৪

৮. ▶ জনাব সাজ্জাদ তার এলাকার সাধারণ মানুষকে আর্থিক ঋণ দিয়ে সুদী কারবারে লিপ্ত রয়েছেন। একদিন তার এক নিকটাত্মীয় মাওলানা সাফওয়ান সাহেব কুরআন ও হাদিসের আলোকে সুদের ক্ষতিকর দিক উল্লেখপূর্বক এসব কর্মকাণ্ড থেকে তাকে বিরত থাকার পরামর্শ দেন। কিন্তু জনাব সাজ্জাদের বক্তব্য হচ্ছে ব্যবসায়ের মতো সুদেও অর্থ বিনিয়োগ করতে হয় এবং এর দ্বারা মুনাফা আসে। এক্ষেত্রে সুদও এক প্রকার ব্যবসা। তাই তিনি সুদ পরিহার করতে নারাজ।
ক. আত্মশুদ্ধির আরবি পরিভাষা কী? ১
খ. প্রতারণা মিথ্যা অপেক্ষাও জঘন্য কেন? ২
গ. সাজ্জাদ সাহেবের মনোভাবে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাজ্জাদ সাহেবের প্রতি মাওলানা সাফওয়ান সাহেবের পরামর্শটি মূল্যায়ন কর। ৪

৯. ▶ ফাহিম সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। জলবায়ু পরিবর্তনের ফলে তার নিজ গ্রামের পুকুর ও খাল-বিল শুকিয়ে যাওয়ায় মানুষের ব্যবহার্য পানির প্রকট অভাব দেখা দেয়। তিনি নিজ উদ্যোগে কিছু আধুনিক পাম্প বসিয়ে গ্রামের লোকজনের জন্য পানির ব্যবস্থা করেন। এ নিয়ে তার কিছু নিকটাত্মীয় ব্যবসার চিন্তা করলে তিনি কঠোরভাবে তাদের থামিয়ে দেন এবং প্রকল্পটি চালু রাখেন।
ক. হযরত আবু বকর (রা) এর শাসন কাদের জন্য আদর্শ? ১
খ. হযরত মুহাম্মদ (স) হযরত আলী (রা) কে 'আসাদুল্লাহ' উপাধি প্রদান করেন কেন? ২
গ. ফাহিম সাহেবের কাজটি হযরত উসমান (রা) এর কোন গুণের অনুসরণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিকটাত্মীয়দের থামিয়ে দেওয়ার মাধ্যমে ফাহিম সাহেব হযরত উমর (রা) এর চারিত্রিক বৈশিষ্ট্য অনুসরণ করেছেন- বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : ১ ১ ১

সময় — ৪০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ইসলামকে একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা বলা হয় কারণ এতে রয়েছে—
i. সুষ্ঠ সমাজ ব্যবস্থা
ii. সুষ্ঠ রাষ্ট্র ব্যবস্থা
iii. সুষ্ঠ অর্থব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২. ইসলামি পরিভাষায় আল্লাহ তায়ালাকে একক সত্তা হিসেবে—
i. স্বীকার করাকেই তাওহীদ বলে
ii. বিশ্বাস করাকেই তাওহীদ বলে
iii. স্বীকার ও বিশ্বাস করাকে তাওহীদ বলে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
'আমার এক হাতে সূর্য আর অন্য হাতে চাঁদ এনে দিলেও আমি এ সত্য প্রচার থেকে বিরত হবো না'।

৩. মহানবী (স)-এর উক্তির মাধ্যমে কী মনোভাব প্রকাশ পেয়েছে?
i. সিদ্ধান্তের দৃঢ়তা
ii. সত্যনিষ্ঠ
iii. নির্লোভ চেতনা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৪. মহানবী (স)-এর উপর্যুক্ত উত্তরের ফলে প্রলোভনকারীরা—
ক হতাশ হয়েছে খ অনুপ্রাণিত হয়েছে
গ উদ্বুদ্ধ হয়েছে ঘ শক্তিশালী হয়েছে

৫. শরীয়তের দ্বিতীয় উৎস কোনটি?
ক কিয়াস খ ইজমা
গ কুরআন ঘ সুন্নাহ

৬. কোন স্থানে কুরআন সংরক্ষিত ছিল?
ক বায়তুল মামুর খ বায়তুল ইযযাহ
গ কাবাঘর ঘ লাওহে মাহফুজ

৭. হিজরি কত সালে ইয়ামামার যুদ্ধ সংঘটিত হয়?
ক দশম খ দ্বাদশ
গ একাদশ ঘ নবম

৮. সূরা আততীনে কয়টি আয়াত রয়েছে?
ক সাতটি খ আটটি
গ নয়টি ঘ দশটি

৯. হাদিসের বর্ণনা পরম্পরাকে কী বলা হয়?
ক মাতান খ রিওয়ায়েত
গ সনদ ঘ দিরায়েত

১০. মাক্কি সূরার বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে—
i. তাওহিদ ও রিসালাতের প্রতি আহ্বান
ii. আহলে কিতাবদের ইসলাম গ্রহণের আহ্বান
iii. কিয়ামতের বিভীষিকাময় চিত্রের বর্ণনা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
জনৈকা রাবেয়া খাতুন কোরবানির গোশত যথারীতি বার বার ধোয়ার পরেও দেখতে পায় যে কিছু রক্ত পানির সাথে বেরিয়ে আসছে। এমতাবস্থায় তিনি উহা রান্না করে পরিবারের সবাইকে নিয়ে খান।

১১. উক্ত গোশত খাওয়ার ব্যাপারে ইসলামের বিধান কী?
ক হারাম খ হালাল
গ মাকরুহ ঘ মুবাহ

১২. রাবেয়ার উক্ত কাজের মাধ্যমে প্রকাশ পেয়েছে—
ক হালাল-হারাম বিষয়ক জ্ঞানের যথার্থতা
খ গোশত খাওয়ার চরম আকাঙ্ক্ষা
গ হালাল-হারাম বিষয়ক জ্ঞানের অজ্ঞতা
ঘ হালাল-হারাম বিষয়ে উদাসীনতা

১৩. প্রতিবেশীর সাথে সুসম্পর্ক রাখলে—
i. সামাজিক নিরাপত্তা নিশ্চিত হয়
ii. ধন-সম্পদ বৃদ্ধি পায়
iii. পারস্পারিক সহযোগিতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i ও iii

১৪. যাকাত না দেওয়া কাদের কাজ?
ক কাফিরদের খ মুশরিকদের
গ মুনাফিকদের ঘ হিংসুকদের

১৫. প্রতিবেশীকে কষ্ট দেওয়া কী?
ক কবীরা গুনাহ খ সগীরা গুনাহ
গ শিরকী গুনাহ ঘ জাহেরী গুনাহ

১৬. নিচের কোন কাজটি হাক্কুল ইবাদের ভিতরে গণ্য?
ক সালাত খ সাওম
গ হাজ ঘ স্বদেশপ্রেম

১৭. ধৈর্যের বিনিময় কোনটি?
ক জান্নাত খ পার্থিব কল্যাণ
গ দীর্ঘায়ু লাভ ঘ ধনদৌলত লাভ

১৮. কুফর বলা হয়—
i. ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করাকে
ii. পৈত্য পড়া ও ক্রুশ পরিধান করাকে
iii. নামায কাযা হওয়াকে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i ও iii

Teachingbd.com

১৯. ইসলামের যাকাত প্রচলনের উদ্দেশ্য কী?
ⓚ ধনী-দরিদ্রের বৈষম্য দূর করা
ⓚ সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠা
ⓚ আর্ত-পীড়িতের সেবা করা
ⓚ ফকির মিসকীনদের সাহায্য করা

২০. রাষ্ট্রীয়ভাবে যাকাত আদায় করা হলে দেশের অর্থনীতির ওপর প্রভাব হিসেবে—
i. জাতীয় আয় বৃদ্ধি পাবে
ii. অর্থনৈতিক ভারসাম্য রক্ষা পাবে
iii. সার্বজনীন অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓚ ii ও iii ⓚ i, ii ও iii

২১. আল্লাহর নৈকট্যলাভের আত্মিক উপায়কে কী বলে?
ⓚ ইসলাম ⓚ শরিয়াত
ⓚ দিদার ⓚ তাসাওফ

২২. আল্লাহ তায়ালা প্রত্যেক পদার্থের উপর কোন শব্দটি অঙ্কিত করে দিয়েছেন?
ⓚ শওকত ⓚ রাহমাত
ⓚ বরকত ⓚ ছিফায়াত

২৩. হিংসা-বিদ্বেষ কিসের মূলে কুঠারাঘাত করে?
ⓚ সৎকর্মের ⓚ পুণ্যের
ⓚ ঈমানের ⓚ দীনের

২৪. যাদের চরিত্র সুন্দর, তারাই সত্যিকার—
ⓚ মুসলিম ⓚ মুমিন
ⓚ মুত্তাকী ⓚ পরহেজগার

২৫. একজন মুত্তাকির প্রধান গুণ কোনটি?
ⓚ সরলতা ⓚ সততা
ⓚ ধৈর্যশীলতা ⓚ সত্যবাদিতা

২৬. নিচের কোনটি জুলমের উদাহরণ?
i. পাওনার চেয়ে কম নেওয়া
ii. পাওনার চেয়ে বেশি নেওয়া
iii. পাওনার চেয়ে কম দেওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓚ ii ও iii ⓚ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
আঃ রহিম একজন রাসায়নিক সারের ডিলার। খুব তাড়াতাড়ি বড়লোক হওয়ার জন্য সে সারে ভেজাল দিত। একদিন তার ছেলে এটা দেখে বলল, আল্লাহ তো দেখছেন, তাকে ভয় করা উচিত।

২৭. আঃ রহিমকে বলা যায়—
ⓚ প্রতারক ⓚ মুনাফাখোর
ⓚ কালোবাজারী ⓚ মজুতদার

২৮. আঃ রহিমের ছেলের চরিত্রে মূলত প্রকাশ পেয়েছে—
ⓚ তাকওয়া ⓚ ন্যায়পরায়ণতা
ⓚ সত্যবাদিতা ⓚ বুদ্ধিমত্তা

২৯. কোন কোন গোত্রের মধ্যে ফিজারের যুদ্ধ সংগঠিত হয়েছিল?
ⓚ কুরাইশ ও বনু বকর
ⓚ কুরাইশ ও কায়স
ⓚ বনু বকর ও বনু নযীর
ⓚ জুরহাম ও বনু নবির

৩০. 'হাজরে আসওয়াদ' স্থাপনের ঝগড়া কে মীমাংসা করেন?
ⓚ হযরত ইব্রাহিম (আ) ⓚ আবু জাহেল
ⓚ হযরত মুহাম্মদ (স) ⓚ আবু সুফিয়ান

৩১. হযরত আবু বকর (রা) কিসের ব্যবসা করতেন?
ⓚ স্বর্ণের ⓚ খেজুরের
ⓚ কাগজের ⓚ কাপড়ের

৩২. হযরত আলী (রা)-এর নাম শুনলে কাদের মনে ত্রাস সৃষ্টি হতো?
ⓚ কাফিরদের ⓚ মুশরিকদের
ⓚ মুনাফিকদের ⓚ ইহুদিদের

৩৩. 'বায়তুল হিকমাহ' কে গড়ে তোলেন?
ⓚ হযরত মুয়াবিয়া (রা)
ⓚ হযরত উমার (রা)
ⓚ খলীফা হারুন-অর-রশীদ
ⓚ খলীফা মামুন

৩৪. কোন গ্রন্থটি চিকিৎসা শাস্ত্রের বাইবেল?
ⓚ আল কানুন আল মাসউদী
ⓚ কিতাবুল জিবার
ⓚ কিতাবুল মানাযিব ⓚ কানুন ফিত তিব্ব

৩৫. আল বিরুনী কোন শাস্ত্রে বিশ্ববিখ্যাত ছিলেন?
ⓚ রসায়ন শাস্ত্রে ⓚ ভূগোল শাস্ত্রে
ⓚ অঙ্কশাস্ত্রে ⓚ চিকিৎসা শাস্ত্রে

৩৬. মহানবী (স) ইসলাম প্রচারের কাজ শুরু করলে বিরোধিতা শুরু করে—
ⓚ মুশরিকরা ⓚ মুনাফিকরা
ⓚ মুর্তিপূজারীরা ⓚ ইয়াহুদিরা

৩৭. যে ব্যক্তি কুফরি কাজে লিপ্ত থাকে তাকে কী বলে?
ⓚ নাস্তিক ⓚ মুনাফিক
ⓚ কাফির ⓚ মুশরিক

৩৮. হযরত ইবরাহীম (আ) এর ওপর কয়খানা সহীফা অবতীর্ণ হয়?
ⓚ দশ খানা ⓚ বিশ খানা
ⓚ ত্রিশ খানা ⓚ পঞ্চাশ খানা

৩৯. 'লাযা' শব্দের অর্থ কী?
ⓚ জান্নাতের সর্বনিম্ন স্তর
ⓚ জাহান্নামের সর্বনিম্ন স্তর
ⓚ জাহান্নামের সর্বোত্তম স্থান
ⓚ বেহেশতের প্রাসাদ

৪০. মানবজীবনকে দায়িত্বশীল, কলুষমুক্ত ও সুন্দর করে তোলতে সাহায্য করে—
ⓚ আখিরাতে বিশ্বাস ⓚ তাকওয়ার বিশ্বাস
ⓚ তাওহিদে বিশ্বাস ⓚ কুরআনে বিশ্বাস

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com